**সেনাসদর, ই ইন সি'র শাখা, পূর্ত পরিদপ্তর**
**ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬**

# নিয়োগ বিজ্ঞপ্তি

প্রতিরক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন মিলিটারী ইঞ্জিনিয়ার সার্ভিসেস (এমইএস) - এ নিম্নবর্ণিত শূন্য পদসমূহে জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী নিয়োগের নিমিত্তে বাংলাদেশের যোগ্য নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছে:

| ক্রমিক | পদের নাম ও বেতন স্কেল | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | মন্তব্য |
|---|---|---|---|---|
| ক। | ইউডিএ<br>UDA (Upper Division Assistant)<br>১০,২০০-২৪,৬৮০/- (১৪তম গ্রেড) | ০৮ (আট) টি | ক। কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি।<br>খ। কম্পিউটার ব্যবহারে দক্ষতা।<br>গ। কম্পিউটারে ইংরেজী ও বাংলায় টাইপিং এর সর্বনিম্ন গতি প্রতি মিনিটে যথাক্রমে ৩০ ও ২৫ শব্দ। | ক। নরসিংদী, গোপালগঞ্জ, মাদারীপুর, টাংগাইল, লক্ষীপুর, নাটোর, যশোর, মাগুরা, নড়াইল, কুষ্টিয়া, বরিশাল, ঝালকাঠি জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই।<br>খ। এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| খ। | ড্রাফটসম্যান ক্লাস-'সি'<br>Draftsman Class- 'C'<br>৯,৭০০-২৩,৪৯০/- (১৫তম গ্রেড) | ০৮ (আট) টি | ক। এসএসসি/সমমান।<br>খ। ডিপ্লোমা-ইন-ড্রাফটসম্যানশীপ। | |
| গ। | অফিস সহকারী/অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>Office Assistant/ Office Assistant-Cum-Computer typist<br>৯,৩০০-২২,৪৯০/- (১৬তম গ্রেড) | ৪৩ (তেতাল্লিশ) টি | ক। এইচএসসি/সমমান (ন্যূনতম ২য় বিভাগ/ জিপিএ ২.৫০)।<br>খ। কম্পিউটার ব্যবহারে দক্ষতা।<br>গ। কম্পিউটারে ইংরেজী ও বাংলায় টাইপিং এর সর্বনিম্ন গতি প্রতি মিনিটে যথাক্রমে ২০ ও ২০ শব্দ। | |
| ঘ। | ষ্টোরম্যান<br>Storeman<br>৯,৩০০-২২,৪৯০/- (১৬তম গ্রেড) | ২৩ (তেইশ) টি | এইচএসসি/সমমান। | |
| ঙ। | এমটিডি<br>MT Driver<br>৯,৩০০-২২,৪৯০/- (১৬তম গ্রেড) | ১৯ (উনিশ) টি | ক। অষ্টম শ্রেণি পাস।<br>খ। সরকারী পেশাদার ড্রাইভিং লাইসেন্স প্রাপ্ত। | |
| চ। | ফটোকপি অপারেটর (পূর্বের ব্লু-প্রিন্টার)<br>Photocopy Operator (Blue Printer)<br>৮,৮০০-২১,৩১০/- (১৮তম গ্রেড) | ০২ (দুই) টি | অষ্টম শ্রেণি পাস। | |
| ছ। | ফটোকপি অপারেটর (পূর্বের জি/অপারেটর)<br>Photocopy Operator (G/Operator)<br>৮,৮০০-২১,৩১০/- (১৮তম গ্রেড) | ০১ (এক) টি | অষ্টম শ্রেণি পাস। | |
| জ। | অফিস সহায়ক<br>Office Sahayok<br>৮,২৫০-২০,০১০/- (২০তম গ্রেড) | ১৭ (সতের) টি | এসএসসি/সমমান। | ক। মানিকগঞ্জ, নরসিংদী, ফরিদপুর গোপালগঞ্জ, মাদারীপুর, রাজবাড়ী, টাংগাইল, কুমিল্লা, লক্ষীপুর, নাটোর, রংপুর, গাইবান্ধা, নীলফামারী, পঞ্চগড়, ঠাকুরগাঁও, খুলনা, যশোর, মাগুরা, নড়াইল, পিরোজপুর জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই।<br>খ। এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ঝ। | নিরাপত্তা প্রহরী (পূর্বের চৌকিদার)<br>Security Guard<br>৮,২৫০-২০,০১০/- (২০তম গ্রেড) | ১৬ (ষোল) টি | অষ্টম শ্রেণি পাস। | |
| ঞ। | পরিচ্ছন্নতা কর্মী<br>Cleaner<br>৮,২৫০-২০,০১০/- (২০তম গ্রেড) | ০২ (দুই) টি | অক্ষরজ্ঞান সম্পন্ন। | |

**আবেদনপত্র পুরণ এবং পরীক্ষায় অংশগ্রহনের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলী অত্যাবশ্যকীয়ভাবে অনুসরণীয়ঃ**

১। আবেদনকারীর বয়স **১৬ মার্চ ২০২০** তারিখে ১৮ হতে ৩০ বছরের মধ্যে হতে হবে; তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা ১৮ থেকে ৩২ বছরের মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পুত্র-কন্যার জন্য বয়সসীমা ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। বয়সের ক্ষেত্রে কোন প্রকার এফিডেবিট গ্রহণযোগ্য নয়;

২। সরকারি চাকরিতে কর্মরত প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি পত্রের মূলকপি জমা দিতে হবে;

৩। নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান এবং প্রযোজ্যক্ষেত্রে পরিবর্তিত বিধি-বিধান অনুসরণ করা হবে;

৪। লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না;

৫। কর্তৃপক্ষ পদের সংখ্যা পরিবর্তন/পরিমার্জন কিংবা বাতিল করার অধিকার সংরক্ষণ করেন;

৬। **আবেদনপত্র পূরণ সংক্রান্ত শর্তাবলীঃ**

ক। এই বিজ্ঞপ্তির অধীনে আগ্রহী প্রার্থীগণকে Online-এ আবেদন করতে হবে। সে লক্ষ্যে http://mes.teletalk.com.bd/ওয়েব সাইটে লগ-ইন করলে একটি লিংক পাওয়া যাবে। ঐ লিংকে প্রবেশ করে সংশ্লিষ্ট নির্দেশনা মোতাবেক Online-এ আবেদনপত্র পূরণ করতে হবে। আবেদন ও ফি জমাদানের সময়সীমা নিম্নরূপঃ

(১) Online -এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখঃ **২৩ ফেব্রুয়ারি ২০২০;**

(২) Online -এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখঃ **১৬ মার্চ ২০২০;**

(৩) উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit -এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন;

খ। Online আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৮০) pixel, File size maximum 60 kb ও রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৩০০) pixel, File size maximum 100 kb এ স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন;

গ। যেহেতু Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন। পুনঃ পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন;

ঘ। প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন;

ঙ। **SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদানঃ** Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মত ছবি এবং Signature upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করার পর প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী প্রিন্ট অথবা Download করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk Pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। বিজ্ঞপ্তির ক্রমিক **'ক' থেকে 'ছ' পর্যন্ত পদের জন্য (১০০+১২)=১১২/- (একশত বার) টাকা এবং ক্রমিক 'জ' থেকে 'ঞ' পর্যন্ত পদের জন্য (৫০+৬)=৫৬/- (ছাপ্পান্ন) টাকা জমা করতে হবে** । বিশেষভাবে উল্লেখ্য, " **Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।"**

প্রথম SMS: mes<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে;

দ্বিতীয় SMS: mes<space>Yes<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে। দ্বিতীয় SMS টি পাঠানোর পর ফিরতি SMS এর Password পাবেন। এই Password টি Admit Card (প্রবেশ পত্র) Download-এর জন্য প্রার্থী সংরক্ষণ করবেন;

চ। প্রবেশ পত্র প্রাপ্তির বিষয়টি http://mes.teletalk.com.bd/ ওয়েব সাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS Read করা এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্চনীয়;

ছ। SMS -এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময়, ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশ পত্র প্রার্থী Download পূর্বক Print করার মাধ্যমে সংগ্রহ করতে পারবেন। প্রার্থী এই প্রবেশ পত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহনের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন। Admit card (প্রবেশ পত্র) Download এর তারিখ পরবর্তীতে SMS এর মাধ্যমে জানানো হবে;

জ। শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং PIN পুনরুদ্ধার করতে পারবেনঃ

(১) User ID জানা থাকলে mes<space>Help<space>User<space>User ID & Send to 16222. (Example: mes Help User ABCDEF & Send to 16222)

(২) PIN Number জানা থাকলে mes<space>Help<space>PIN<space>PIN No & Send to 16222. (Example: mes Help PIN 12345678 & Send to 16222)

ঝ। মিলিটারী ইঞ্জিনিয়ার সার্ভিসেস (এমইএস) এর নিয়োগ বিজ্ঞপ্তি, Online -এ আবেদনপত্র পূরণের নিয়মাবলী, SMS-এর মাধ্যমে পরীক্ষার ফি প্রদানের নিয়মাবলী ও অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি http://mes.teletalk.com.bd/ এ পাওয়া যাবে;

৭। **প্রার্থীর যোগ্যতা যাচাইঃ**

প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভূয়া প্রমাণিত হলে কিংবা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। মৌখিক পরীক্ষার সময় নিম্নেবর্ণিত কাগজপত্রের মূল কপি প্রদর্শনপূর্বক প্রতিটির ০১ টি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবেঃ

ক। প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র;

খ। জাতীয় পরিচয়পত্র ও সদ্যতোলা পাসপোর্ট সাইজের তিন কপি ছবি (প্রার্থীদের জাতীয় পরিচয়পত্র থাকতে হবে। জাতীয় পরিচয়পত্র না থাকলে নির্বাচন কমিশন কর্তৃক প্রদত্ত জাতীয় পরিচয়পত্রের রশিদ থাকতে হবে);

গ। প্রার্থী যে ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশন-এর বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/কাউন্সিলর/সিটি কর্পোরেশন-এর ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র;

ঘ। প্রার্থীর পিতা/মাতা মুক্তিযোদ্ধা হলে এর প্রমাণস্বরূপ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সনদপত্র/সাময়িক সনদপত্র;

ঙ। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হিসেবে চাকরি প্রার্থীকে তার পিতার পিতা/পিতার মাতা/মাতার পিতা/মাতার মাতা (প্রযোজ্য ক্ষেত্রে)-এর মুক্তিযোদ্ধা সনদপত্র (যা যথাযথভাবে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত হতে হবে)। প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশন-এর ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদপত্র;

চ। ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক স্বাক্ষরিত ক্ষুদ্র নৃ-গোষ্ঠী পরিচয় বিষয়ক সনদপত্র;

ছ। এতিম এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র;

জ। জাত হরিজন প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশন-এর সংশ্লিষ্ট কাউন্সিলর কর্তৃক প্রদত্ত জাত হরিজন সনদপত্র;

ঝ। Online -এ পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicant's copy) ও লিখিত পরীক্ষার প্রবেশপত্র (Admit Card);

৮। যদি কোন প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোন ব্যক্তিকে বিয়ে করেন বা করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোন ফৌজদারি আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দন্ডিত হন কিংবা কোন সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকরি হতে বরখাস্ত হয়ে থাকেন, তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না;

৯। বিবিধঃ

ক। পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য www.mes.org.bd ওয়েব সাইটে পাওয়া যাবে;

খ। নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

স্বাক্ষরিত/...........
মুহাম্মদ এহতেশামুল হক
ব্রিগেডিয়ার জেনারেল
পূর্ত পরিচালক
পূর্ত পরিদপ্তর
সভাপতি, নিয়োগ কমিটি